

বাংলা ট্রিবিউন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় মুট কোর্ট প্রতিযোগিতা অনুষ্ঠিত

প্রকাশিত: ১৩:২২, জানুয়ারি ২৭, ২০১৯ | সর্বশেষ আপডেট: ১৭:০৩, জানুয়ারি ২৭, ২০১৯

ব্র্যাক ইউনিভার্সিটিতে ‘খন্দকার মাহবুবউদ্দিন মেমোরিয়াল মুট কোর্ট কম্পিটিশন’ অনুষ্ঠিত হয়েছে। ২৫-২৬ জানুয়ারি, অনুষ্ঠিত দুই দিনব্যাপী প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে লন্ডন কলেজ অব লিগ্যাল স্ট্যাডিজ (সাউথ)। ফাইনালে ইস্টার্ন ইউনিভার্সিটির আইন বিভাগকে পরাজিত করেছে লন্ডন কলেজ অব লিগ্যাল স্ট্যাডিজ এর শিক্ষার্থীরা। প্রতিযোগিতায় অংশ নেয় ৭টি বিশ্ববিদ্যালয়।

শনিবার (২৬ জানুয়ারি) ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত ফাইনালে বিচারকের দায়িত্ব পালন করেন ব্র্যাক স্কুল অব ল’ বিভাগের প্রফেসর সায়রা রহমান খান; পিএইডি, সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের বিচারক বিচারপতি সৈয়দ রিফাত আহমেদ ও সিনিয়র অ্যাডভোকেট এ.এফ হাসান আরিফ। স্কুল অব ল’ এর ডিন কে. শামসুদ্দিন মাহমুদ এর পিতা সুপ্রিম কোর্টের সাবেক সিনিয়র অ্যাডভোকেট খন্দকার মাহবুবউদ্দিন আহমেদ স্মরণে প্রথমবার মুট কোর্ট প্রতিযোগিতার আয়োজন করে ব্র্যাক ইউনিভার্সিটি।

প্রতিযোগিতায় অংশ নেওয়া বিশ্ববিদ্যালয়গুলো হলো ইস্টার্ন ইউনিভার্সিটি, ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, লিডিং ইউনিভার্সিটি, লন্ডন কলেজ অফ লিগ্যাল স্ট্যাডিজ ও সাউথ ইস্ট ইউনিভার্সিটির দুটি দল।